# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৪.২৩-৫৭

তারিখঃ ২৬/০৬/২০২৩ খ্রিঃ
১২ /০৩/১৪৩০ বঙ্গাঃ

## দপ্তরাদেশ

নির্বাহী প্রকৌশলী, ডালিয়া পওর বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী এর আওতাধীন কর্মরত জনাব মোঃ রাবিউল ইসলাম (আইডি নং- ৮৩০৯১৭০০১), কার্যসহকারী, ডালিয়া পওর বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী এর বিরুদ্ধে মানহানি ও চাঁদাবাজি মামলা জনিত কারণে গ্রেফতারের পর অত্র দপ্তরে অনুপস্থিত প্রসঙ্গে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, ডালিয়া পওর বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী এর স্মারক নং-ডালিয়া/সি-১৭/৬৮৫, তারিখঃ ০১/০৬/২০২৩খ্রিঃ এর মাধ্যমে মাধ্যমে পরিচালক, শৃংখলা পরিদপ্তর, বাপাউবো, ঢাকাকে অনুরোধ জানিয়েছেন। নির্বাহী প্রকৌশলীর পত্রের সাথে সংযুক্ত রেকর্ড পত্রাদি হতে দেখা যায় যে, তার বিরুদ্ধে মানহানি ও চাঁদাবাজির মামলা রুজু করতঃ তাকে সহ ৫ (পাঁচ) জনকে আসামী করে তিস্তা যান্ত্রিক বিভাগের নির্বাহী প্রকৌশলী একটি মামলা দায়ের করেছেন। উক্ত মামলার প্রেক্ষিতে তাকে গত ১৮-০৫-২০২৩ খ্রিঃ তারিখে গ্রেফতার করা হয়েছে। মামলার প্রাথমিক তথ্য বিবরণী হতে দেখা যায় যে, উক্ত মামলায় তাকে সহ ৫(পাঁচ) জন্ আসামী করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে ধারা 147/448/332/353/385/387/506(2)/34 The Penal Code, 1860 ode, 1860 একই উদ্দেশ্য সাধনকল্পে বে-আইনী জনতায় দলবদ্ধ হয়ে উগ্রতা প্রদর্শন করত: অফিস কক্ষে অনধিকার প্রবেশ করে সরকারী কর্মচারীকে সরকারী কর্তব্য কাজে বাঁধা প্রদানের উদ্দেশ্যে স্বেচ্ছায় আঘাতদান, অন্যায় আক্রমন ও বল প্রয়োগ করে মৃত্যু বা গুরুতর জখমের ভয় দেখিয়ে চাঁদা দাবী এবং প্রাণনাশের হুমকী প্রদান সংক্রান্ত অপরাধ আনয়ন করা হয়েছে। জনাব মোঃ রাবিউল ইসলাম (আইডি নং- ৮৩০৯১৭০০১), কার্যসহকারী, ডালিয়া পওর বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী এর বিরুদ্ধে ডিমলা থানা, নীলফামারীতে দায়েরকৃত মামলাটি ফৌজদারী মামলা।

৩। এমতাবস্থায়, নির্বাহী প্রকৌশলী, ডালিয়া পওর বিভাগ, বাপাউবো, ডালিয়া এর পত্রের আলোকে জনাব মোঃ রাবিউল ইসলাম (আইডি নং- ৮৩০৯১৭০০১), কার্যসহকারী, ডালিয়া পওর বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী এর বিরুদ্ধে তিস্তা যান্ত্রিক বিভাগের নির্বাহী প্রকৌশলী কর্তৃক রুজুকৃত মানহানি ও চাঁদাবাজির মামলাটি ফৌজদারী মামলা হওয়ায় এবং বিগত ১৮-০৫-২০২৩খ্রিঃ তারিখে তিনি ডিমলা থানা পুলিশ কর্তৃক গ্রেফতার হওয়ায় বাংলদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(৫) মোতাবেক তাকে গ্রেফতারের তারিখ অর্থাৎ ১৮/০৫/২০২৩খ্রিঃ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

৪। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(৪) মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্ত হবেন ।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৬/০৬/২০২৩
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৬০৮০৫০০২

অপর পৃষ্ঠা দ্রঃ

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৪.২৩-৫৭(১৩)

তারিখঃ ২৬/০৬/২০২৩ খ্রিঃ
১২ /০৩/১৪৩০ বঙ্গাঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, আলমনগর, রংপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-২, বাপাউবো, আলমনগর, রংপুর।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/হিসাব রক্ষণ পরিদপ্তর/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. পি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. নির্বাহী প্রকৌশলী, ডালিয়া পওর বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী।
৭. হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ডালিয়া, নীলফামারী।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯. মোঃ রাবিউল ইসলাম (আইডি নং- ৮৩০৯১৭০০১), কার্যসহকারী (সাময়িক বরখাস্তকৃত), ডালিয়া পওর বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী

26/06/2023

(মোঃ শামীম হোসেন)
উপপরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৯১২১১০০১